**Spec Code: Clo/2026-2027/007**

**দরপত্র বিনির্দেশ - ক্যাপ পিক্ড নাবিক**

**Specifying item and Quantity**

১। **দ্রব্যের নাম।** ক্যাপ পিক্‌ড নাবিক।

২। **প্রস্তুতকারী দেশ।** বাংলাদেশ।

৩। **প্রস্তুতকারকের নাম।** উল্লেখ করতে হবে।

৪। **কাঁচামালের উৎস।** উল্লেখ করতে হবে।

৫। **ক্যাপের কাপড়।** সকল প্রকার ক্যাপে ব্যবহৃত উপরের কাপড় স্নো হোয়াইট (দরপত্র নমুনা মোতাবেক) ও উন্নত বুনন যুক্ত হতে হবে। ক্যাপে ব্যবহৃত সকল ম্যাটেরিয়্যাল মরিচা নিরোধক হতে হবে।

৬। **ক্রেতব্য সংখ্যা।** ক্যাপের সাইজ অনুযায়ী ক্রেতব্য সংখ্যা নিম্নরুপঃ

| সাইজ | পরিমান |
|---|---|
| ৫২ সেঃ মিঃ | ৫০০ টি |
| ৫৩ সেঃ মিঃ | ৩,০০০ টি |
| ৫৪ সেঃ মিঃ | ৫,৫০০ টি |
| ৫৫ সেঃ মিঃ | ৬,০০০ টি |
| ৫৬ সেঃ মিঃ | ৩,৪০০ টি |
| ৫৭ সেঃ মিঃ | ৯০০ টি |
| ৫৮ সেঃ মিঃ | ৫০০ টি |
| ৫৯ সেঃ মিঃ | ২০০ টি |
| **মোট পরিমান** | **২০,০০০ টি** |

৭। **ক্যাপ পিকডের সাধারন গঠন**

ক। ক্যাপে ব্যবহৃত উপরের কাপড় খুলে উপরিভাগের কাপড় মূল ফ্রেম হতে সম্পুর্ণ আলাদা করার সুবিধা থাকতে হবে।

খ। ক্যাপের ভিতরের ব্যবহৃত নরম মসৃন ফোম যার দুই পার্শ্বে নেট কাপড় লাগানো থাকবে এবং ফোম ও কাপড়ের নেট সাদৃশ্য ও চতুরদিকে সেলাই দ্বারা আবৃত হতে হবে।

গ। ক্যাপের মূল ফ্রেমটি (প্লাষ্টিক পাইপ দ্বারা যাহা মোড়ানো) নমনীয় এবং মরিচা নিরোধক ধাতু রিং দ্বারা তৈরী করতে হবে।

ঘ। ক্রাউনের ভিতর প্রয়োজন মোতাবেক ব্রাস স্ট্রিপ থাকবে।

ঙ। ক্যাপের ব্রাস স্ট্রিপ রিপিটের সাহায্যে লম্বালম্বি ভাবে পিকের কেন্দ্র স্থলে শক্ত সাদা প্লাষ্টিক অথবা শক্ত রেক্সিন এর সাথে মজবুত ভাবে আটকানো থাকবে।

চ। ক্যাপের ধাতব রিং এর সাথে সামনে পিকের উপরি ভাগে শক্ত সাদা প্লাষ্টিক অথবা শক্ত সাদা রেক্সিন দ্বারা মজবুত ভাবে সেলাই থাকবে এবং নীচের দিকে ব্যান্ডের সাথে আটকানো থাকবে।

ছ। ক্যাপের ভিতরে সম্মুখ ভাগে কাল ভেলভেট (লম্বা ২৯০ মিঃ মিঃ এবং চওড়া ২৫ মিঃ মিঃ) থাকবে যার ঘাম শোষন ক্ষমতা উন্নতমানের হবে।

জ।  সাইড ব্যান্ডে টেকশই প্লাষ্টিকের ফ্রেম হতে হবে এবং ফ্রেমটি কালো কাপড় দ্বারা সেলাই করতঃ আবৃত থাকবে।

ঝ।  সকল ক্যাপের পিকড এর কিনারা অত্যন্ত নিঁখুত ভাবে প্রতিসম (Symmetrical) হতে হবে।

ঞ।  ক্যাপ পিকড এর রীম ভাল উন্নত রেক্সিন দ্বারা প্রতিসম ভাবে সেলাই করতে হবে।

ট।  ক্যাপের মোহর ব্যান্ড ৩৫ মিঃ মিঃ চওড়া উন্নত মানের কালো ইলাষ্টিকের হবে।

ঠ।  ক্যাপের ভিতর চারিদিকে উন্নত মানের কালো রেক্সিন/ফোম (৫০ মিঃ মিঃ চওড়া) হতে হবে।

ড।  ক্যাপে ব্যবহৃত উপরের কাপড়ের নীচে জোড়া লাগানো কালো রং এর ইলাষ্টিক থাকবে যা মোহর ব্যান্ডের নীচে হবে।

ঢ।  সকল সাইজের ক্যাপের পিকড এর মাঝ বরাবর চওড়া ৬৩±২ মিঃ মিঃ হবে।

ণ।  সকল সাইজের ক্যাপ পিকড এর পরিধি (এক প্রান্ত থেকে অপর প্রান্ত ) ৩৭৫ ±২ মিঃ মিঃ হবে।

ত।  চিন স্টে (Chin stey) কালো উন্নতমানের প্লাষ্টিক/রেক্সিন এর কালো ফিতা দ্বারা তৈরী হবে (১৩ মিঃ মিঃ চওড়া) যা ক্যাপের দুই প্রান্ত স্ক্রু টাইপ মজবুত প্লাষ্টিকের কালো স্বচ্ছ বোতাম দ্বারা আটকানো থাকবে।

থ।  Chin stey কে বড়/ছোট করার জন্য উভয় পার্শ্বে মরিচা রোধক ম্যাটারিয়াল এর বাকল (কালো) লাগাতে হবে।

দ।  ক্যাপের পিক শক্ত ও মজবুত হতে হবে।

ধ।  প্রত্যেকটি ক্যাপ সঠিক মাপ অনুযায়ী তৈরী হতে হবে।

<u>ডেলিভারি সম্পর্কিত তথ্য</u>

৮।  **<u>প্যাকেজিং (Packaging)</u>**।  প্রতিটি ক্যাপ বহনযোগ্য পানি নিরোধক কাপড়ের ব্যাগে সরবরাহ করতে হবে। ২টি করে ক্যাপ একটি শক্ত কাগজের বাক্সে সরবরাহ করতে হবে এবং একই সাইজের ২৪টি ক্যাপ একটি উন্নতমানের কার্টনে সরবরাহ করতে হবে।

৯।  **<u>মার্কিং (Marking)</u>**।

ক।  ক্যাপের ভিতর সুবিধামত জায়গায় নাম, পদবী, সঃ সংখ্যা, জাহাজ ইত্যাদি তথ্য প্রিন্টেড করা কার্ড পলিথিনের তৈরী প্যাকেটের মধ্যে ঢুকানো অবস্থায় থাকতে হবে।

খ।  **<u>ক্যাপ</u>**।  প্রত্যেকটি ক্যাপের ভিতরের অংশে নিম্নে বর্ণিত তথ্যাদি থাকবে ঃ

(১)  সরবরাহকারীর নাম।
(২)  তৈরীর মাস ও বৎসর।
(৩)  ক্যাপ সাইজ।
(৪)  বাংলাদেশ নেভী।

গ।  **<u>কার্টন</u>**।  নিম্ন লিখিত চিহ্নগুলি কার্টনের উপর অমোচনীয় কালি দ্বারা লিখতে হবে ঃ

(১)  দ্রব্যের নাম।
(২)  প্রাপকের ঠিকানা।
(৩)  চুক্তি নম্বর ও তারিখ।
(৪)  সরবরাহকারীর ঠিকানা।
(৫)  প্রতিটি কার্টনের ভিতরের আইটেম সংখ্যা ও সাইজ।

(৬) সিআইএনএস কর্তৃক গ্রহনযোগ্যতার সীল মোহর (সিআইএনএস পরিদর্শনের পর গ্রহনযোগ্যতার সীল প্রদান করবেন)।

১০। **<u>সরবরাহের সময়।</u>** সরবরাহকারী নিজ খরচ ও ঝুঁকিতে আইটেমসমূহ অধিনায়ক নৌভান্ডার চট্টগ্রামকে সরবরাহ করবে। সরবরাহের সময় নিম্নে প্রদত্ত হলো ঃ

| কিস্তি | সরবরাহের সময় | পরিমাণ (নং) (সাইজ মোতাবেক) | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৫২ সেঃ মিঃ | ৫৩ সেঃ মিঃ | ৫৪ সেঃ মিঃ | ৫৫ সেঃ মিঃ | ৫৬ সেঃ মিঃ | ৫৭ সেঃ মিঃ | ৫৮ সেঃ মিঃ | ৫৯ সেঃ মিঃ | মোট |
| ০১ (এক) | ১৮০ দিন | ৫০০ | ৩,০০০ | ৫,৫০০ | ৬,০০০ | ৩,৪০০ | ৯০০ | ৫০০ | ২০০ | ২০,০০০ |

১১। **<u>ওয়ারেন্টি (Warranty) সনদ</u>**। সরবরাহকারী তার নিজ প্রতিষ্ঠানের প্যাডে ওয়ারেন্টি (Warranty) সনদ প্রদান করবে যা পরিষ্কার ভাবে নিম্নলিখিত প্রয়োজনীয়তা পূরণ করবে। উক্ত আইটেমটি গ্রহণযোগ্যতা প্রদানের তারিখ হতে কার্যকর হবে। সনদে চুক্তির নাম্বার উল্লেখ থাকবে ঃ

ক। রং এবং উপাদান এর মজুদ আয়ুষ্কাল (Self Life) প্রাপক কর্তৃক গ্রহণের তারিখ হতে ২৪ (চব্বিশ) মাস থাকতে হবে। অর্থাৎ উক্ত সময়ের মধ্যে সাধারণ মজুদ পরিস্থিতিতে রং বা উপাদান অপরিবর্তনীয় থাকবে। যদি রং পরিবর্তন হয় বা উপাদান এর অবস্থা/গুনগত মান নষ্ট হয় অথবা ওয়ারেন্টি কালের যে কোন সময় কোন আইটেম খারাপ (Defective) পাওয়া যায় সেক্ষেত্রে সরবরাহকারী বিনা খরচে প্রাপককে পরিবর্তন করে দিতে হবে।

১২। **<u>গুনগতমানের নিশ্চয়তা সনদ</u>**। সরবরাহকারী কর্তৃক প্রস্তুত কারকের নিকট হতে গুনগতমানের নিশ্চয়তা সনদ প্রদান করতে হবে।

১৩। **<u>সিআইএনএস কর্তৃক পরিদর্শন</u>**। দ্রব্য প্রস্তুত হওয়ার পর ফ্যাক্টরী প্রাঙ্গনে সিআইএনএস কর্তৃক পরিদর্শন এবং প্রয়োজন অনুযায়ী নিম্ন বর্ণিত পরীক্ষা করবেন ঃ

(১) কোয়ালিটি এবং উপাদান।
(২) ডিজাইন ও বাহ্যিক পরিদর্শন।
(৩) পরিমাপ/আয়তন।
(৪) ল্যাবরেটরীতে দ্রব্যের পরীক্ষা (প্রয়োজন মোতাবেক)।

ক। সরবরাহকারী নিম্নে বর্ণিত পরিদর্শন খরচ বহন করবেন ঃ

(১) পরীক্ষার জন্য ব্যবহৃত দ্রব্য।
(২) ল্যাবরেটরী পরীক্ষার খরচ, যদি থাকে।
(৩) শ্রমিক খরচ, যদি থাকে।

১৪। **<u>প্রাপক কর্তৃক পরিদর্শন</u>**। দ্রব্য সরবরাহের সময় প্রাপক কর্তৃক নিম্নে বর্ণিত বিষয়ে পরিদর্শন করা হবেঃ

ক। প্যাকিং।
খ। মার্কিং।
গ। গুনগত মান।
ঘ। গুনগত মানের নিশ্চয়তা সনদ।
ঙ। আয়ুষ্কালের সনদ।
চ। সিআইএনএস কর্তৃক প্রদত্ত পরিদর্শন ও গ্রহনযোগ্যতার সিল (Endorsment)।

নৌ সরবরাহ পরিদপ্তর, নৌ সদর দপ্তর, ঢাকা

## সরবরাহকারীর জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী

১৫। **দরপত্র যাচাই বাছাই**। দরপত্রে নিম্ন বর্ণিত বিষয়ে যাচাই বাছাই করা হবেঃ

ক। কোয়ালিটি এবং উপাদান।
খ। ডিজাইন ফিনিশিং এবং বাহ্যিক পরিদর্শন।
গ। পরিমাপ/আয়তন।
ঘ। ল্যাবরেটরীতে উপাদান পরীক্ষা (প্রয়োজন মোতাবেক)।
ঙ। উদ্ধৃত মূল্য।

১৬। **সরবরাহকারীর সেবা ও দায়িত্ববোধ**। সরবরাহকারীর নিকট হতে কোন তথ্য জানতে চাওয়া হলে সরবরাহকারীকে অবশ্যই ০৩ (তিন) দিনের মধ্যে জবাব দিতে হবে।

১৭। **বিল পরিশোধ**। সরবরাহকারীর বিল দেশীয় মুদ্রায় ডিজিডিপি নিয়ম অনুযায়ী পরিশোধ করা হবে।

১৮। **বিলম্বে সরবরাহ**। বিলম্বে সরবরাহ করা হলে ডিজিডিপি নিয়ম অনুযায়ী এলডি কর্তন করা হবে।

১৯। **নমুনা দাখিল**। দরপত্রে অংশগ্রহনকারী সকল সরবরাহকারীকে ০৪ টি ৫৬ সাইজের ক্যাপ এবং ০১ (এক) মিটার ক্যাপে ব্যবহৃত উপরের কাপড় নমুনা হিসেবে দরপত্রের সাথে দাখিল করতে হবে। সরবরাহকারী ল্যাব পরীক্ষার জন্য নমুনাসমূহ সরবরাহ করবে। ল্যাব পরীক্ষায় ব্যবহৃত নমুনাসমূহ ফেরত দেওয়া হবে না।

২০। **দরপত্রের বৈধতা**। দরপত্রের বৈধতা দরপত্র খোলার তারিখ হতে ১৮০ দিন থাকতে হবে।

২১। **মুল্য দাখিল।** দেশীয় মুদ্রায় নিম্ন বর্ণিতভাবে মুল্য দাখিল করতে হবেঃ

| ক্রমিক | দ্রব্যের নাম | পরিমাণ | একক মুল্য (টাকা) | মোট মুল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | ক্যাপ পিকড নাবিক | ২০,০০০ | | |

২২। **কমপ্লাইন্স**। যাচাই বাছাইয়ের জন্য টেন্ডারে চাহিদাকৃত সকল বিষয়সমূহ উল্লেখ করতঃ কমপ্লাইন্স রিপোর্ট প্রদান করতে হবে। আংশিক তথ্য প্রদান অথবা অসম্পূর্ণ কমপ্লাইন্স রিপোর্ট গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে অফারটি বাতিল বলে গণ্য হবে। বিনির্দেশে উল্লেখিত বিষয়সমূহের সাথে কোন গড়মিল থাকলে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

মোঃ সারোয়ার হাবীব
লেঃ কমান্ডার বিএন
স্টাফ অফিসার (ক্রেনএস-২)
নৌবাহিনী সদর দপ্তর
বনানী, ঢাকা-১২১৩